গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নং-১০.০৭.০০০০.০০২.২৮.৩৮.১৬-২৩

তারিখঃ ৩০ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১৪ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: মিথ্যা ও হয়রানিমূলক মামলার ভিকটিমকে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার কলসেন্টারের মাধ্যমে লিগ্যাল এইড প্রদানের বিষয়টি প্রচার করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, যদি কোন ব্যক্তি গত ১ জুলাই থেকে ৫ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত দায়েরকৃত মিথ্যা ও হয়রানিমূলক ফৌজদারি মামলার শিকার হয়ে থাকেন তবে তাকে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার লিগ্যাল এইড হেল্পলাইন কলসেন্টারের ১৬৪৩০ নম্বরের (টোল ফ্রি) মাধ্যমে ভিকটিম সাপোর্ট বা আইনি সহায়তা প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। তদপ্রেক্ষিতে টিভিস্ক্রলে প্রচারের লক্ষ্যে নিম্নবর্ণিত শিরোনাম প্রস্তুত করা হয়েছে।

**"১ জুলাই থেকে ৫ আগস্ট ২০২৪ খ্রি: পর্যন্ত দায়েরকৃত মিথ্যা ও হয়রানিমূলক ফৌজদারি মামলায় আইনি সহায়তা পেতে অফিস সময়ের মধ্যে লিগ্যাল এইড হেল্পলাইন ১৬৪৩০ নম্বরে (টোল ফ্রি) যোগাযোগ করুন"**

এমতাবস্থায়, সাধারণ জনগণের জ্ঞাতার্থে বিষয়টি বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য বেসরকারি টিভি চ্যানেলের টিভিস্ক্রলে প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৪/০৮/২৪

**(ফারিদা ফারজানা)**
সহকারী পরিচালক (মনিটরিং)
ফোন: ০২-৪১০৩২২৯৫
admonitoringnlaso@gmail.com

**প্রধান তথ্য কর্মকর্তা**
তথ্য অধিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ (সকল)।
২। মাননীয় আইন উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। জনসংযোগ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৭। জেলা লিগ্যাল এইড অফিসার (সকল)।
৮। পিএ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৯। গার্ড ফাইল/ ওয়েবসাইট/ অফিস কপি।